



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৯৯.২০১৮/২৪৪০/৬

তারিখঃ /০১/১৪২৬ বঙ্গাব্দ  
২/০৪/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন হাতিয়া ডিগ্রি কলেজের জনাব দিলারা পারভীন, প্রভাষক, (পৌরনীতি ও সুশাসন) এর এমপিওভুক্তি।

সূত্রঃ হাডিক:১১৫(২)২০১৯খ্রি.;তারিখঃ ০৫/০২/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন হাতিয়া ডিগ্রি কলেজের জনাব দিলারা পারভীন, প্রভাষক, (পৌরনীতি ও সুশাসন) এর এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য কলেজটির অধ্যক্ষ সূত্রোক্ত আবেদনপত্র দাখিল করেন।

টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন হাতিয়া ডিগ্রি কলেজটি উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্ত। জনাব দিলারা পারভীন, প্রভাষক, (পৌরনীতি ও সুশাসন) পদে নিয়োগ প্রদান করা হয়। তিনি ২৯/০৯/২০১৪খ্রি. তারিখে যোগদান করেন। সংশ্লিষ্ট বিষয়ে ৩১/১২/২০১৮খ্রি. তারিখে জনাব আঃ মমিন তালুকদার, (পৌরনীতি ও সুশাসন) বিষয়ে সহকারী অধ্যাপক(ইনডেক্স নম্বর-৪০০৪৮৩) অবসর গ্রহণ করায় পদটি শূন্য হয়। বর্ণিত বিষয়ে কোন শিক্ষক এমপিওভুক্ত নেই। জনবল কাঠামো ২০১৮ এর ৬.২ক ধারা অনুযায়ী বেসরকারি উচ্চ মাধ্যমিক এমপিওভুক্ত করেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিষয় স্বীকৃতি ও অধিভুক্ত থাকলে প্রতি বিষয়ে একজন প্রভাষক/সহকারী অধ্যাপক এমপিও প্রাপ্য হবেন।

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ৯(ii) ধারা অনুযায়ী উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক-কর্মচারীগণকে প্যারটার্নভুক্ত শূন্য পদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে।

এমতাবস্থায়, জনাব দিলারা পারভীন, প্রভাষক, (পৌরনীতি ও সুশাসন) এর নিয়োগ প্রক্রিয়া যথাযথ ও বিধিসম্মত হলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ৯(II) ধারা মোতাবেক তাকে জ্যেষ্ঠতার ভিত্তিতে শূন্য পদে সমন্বয় করতে কোন বাধা নাই। এমপিওভুক্তির নিমিত্তে তাকে অন-লাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

 ০৪.১২

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং- ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

অধ্যক্ষ

হাতিয়া ডিগ্রি কলেজ

সখিপুর, টাঙ্গাইল।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ২। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৩। সভাপতি, পরিচালনা পরিষদ, হাতিয়া ডিগ্রি কলেজ, সখিপুর, টাঙ্গাইল।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সখিপুর, টাঙ্গাইল (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৫। জনাব দিলারা পারভীন, প্রভাষক, (পৌরনীতি ও সুশাসন), হাতিয়া ডিগ্রি কলেজ, সখিপুর, টাঙ্গাইল।
- ৬। সংরক্ষণ নথি।